

রোববার

ঢাকা, ৮ মাঘ ১৪২৪
৩ জমাদিউল আউয়াল ১৪৩৯
২১ জানুয়ারি ২০১৮

নয়া দিগন্ত



সমাবর্তনে কৃতী শিক্ষার্থীদের সনদ প্রদান করছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির পঞ্চম সমাবর্তন অনুষ্ঠিত

জ্ঞানভিত্তিক সমাজ বিনির্মাণ ও ডিজিটাল বাংলাদেশ গড়তে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে অধিকতর কার্যকর ভূমিকা পালন করতে হবে। গতকাল ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির মাদানি এভিনিউর স্থায়ী ক্যাম্পাসে ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির পঞ্চম সমাবর্তন অনুষ্ঠানে সভাপতির বক্তৃতায় শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এ কথা বলেন। বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর ও রেক্টর পতি মো: আবদুল হামিদেদের পক্ষে তার প্রতিনিধি হিসেবে মন্ত্রী সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। সমাবর্তন অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান এবং সমাবর্তন বক্তা ছিলেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের সচিব ড. আহমদ কায়কাউস।

সমাবর্তন অনুষ্ঠানে ৯৬২ জন শিক্ষার্থীকে গ্রাজুয়েশন ও পোস্ট গ্রাজুয়েশন ডিগ্রি এবং কৃতিত্বপূর্ণ ফলাফলের জন্য চারজন শিক্ষার্থীকে স্বর্ণপদক প্রদান করা হয়। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান হাসান মাহমুদ রাজা। সমাবর্তন ১৩ পৃ: ৬-এর কলামে

ইউনাইটেড ইন্টারন্যাশনাল

৩য় পৃষ্ঠার পর

বক্তা ড. আহমদ কায়কাউস বলেন, এই অর্জিত জ্ঞান শুধু সার্টিফিকেট লাভের উদ্দেশ্যে সীমাবদ্ধ না রেখে দেশ এবং জাতির সেবায় আত্মনিয়োগ করতে হবে।

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর (ডেপুটি) অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান শিক্ষার্থীদের ভালো মানুষ হওয়ার পাশাপাশি সমাজ ও দেশের মানুষের কল্যাণে নিজেদের আত্মনিয়োগ করার আহ্বান জানান। ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের ভাইস চেয়ারম্যান ফরিদুর রহমান খান ইউনিভার্সিটির পঞ্চম সমাবর্তন অনুষ্ঠান সৃষ্টভাবে সম্পন্ন করার জন্য সভাপতি, বিশেষ অতিথি, সমাবর্তন বক্তা, বিশ্ববিদ্যালয়ের ডিন, শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা-কর্মচারী, সাংবাদিক ও আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

সমাবর্তন অনুষ্ঠানে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ডিসি, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সদস্যরা, সব অনুষদের ডিন, বিভাগীয় প্রধানরা, শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা-কর্মচারী, সাংবাদিক, শিক্ষাবিদ ও সমাজের বিভিন্ন স্তরের বিশিষ্ট ব্যক্তির উপস্থিতি ছিলেন। বিজ্ঞপ্তি।